দৈনিক খবর

তারিখ ... ৯ Apr 1990
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৩

13

## উপাচার্যদের সাথে রাষ্ট্রপতির বৈঠক

রাষ্ট্রপতি এরশাদ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে সরকারের সম্ভাব্য সব ধরনের সহযোগিতার আশ্বাস দিয়েছেন।

বাসস ও ইউএনবি জানায়ঃ বিশ্ববিদ্যালয়সমূহের চ্যান্সেলর রাষ্ট্রপতি এরশাদ গতকাল শনিবার আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বিশ্ববিদ্যালয়সমূহের উপাচার্যদের সঙ্গে মাসিক বৈঠকে এ আশ্বাস দেন।

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান অধ্যাপক সৈয়দ আলী আহসান, মঞ্জুরী কমিশনের সদস্য ও শিক্ষা সচিব এএনএম ইউসুফ এ সময় উপস্থিত ছিলেন।

মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান রাষ্ট্রপতিকে জানান, কমিশনের আইন আধুনিকায়নের কাজ খুব শিগগিরই সম্পূর্ণ হবে এবং তা শিক্ষা মন্ত্রণালয়ে পেশ করা হবে। *শেষ পৃষ্ঠায় ৫ম কলামে*

## উপাচার্যদের

*প্রথম পৃষ্ঠার পর*

তাঁকে আরো জানানো হয় যে, কুষ্টিয়ায় স্থানান্তরিত ইসলামী বিশ্ববিদ্যালয় ১৬ই মে পুনরায় খুলবে। রাষ্ট্রপতি বেসরকারী বিশ্ববিদ্যালয়ের অনুমতিসহ একটি নীতি গঠনের জন্য মঞ্জুরী কমিশনকে নির্দেশ দেন।